'শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান -০২ শাখা
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৪৭.২১-৩০২ তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ সেবা ডিজিটাইজেশন বাস্তবায়ন সংক্রান্ত অফিস আদেশ।

সূত্র: এ মন্ত্রণালয়ের ই-গভন্যার্ন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা শাখার স্মারক নং ৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৪৭.২১-৩০০; তারিখ: ২৯/১২/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় সেবা ডিজিটাইজেশন কার্যক্রম হিসেবে চিঠিপত্রের সংযুক্তিতে QR কোড ব্যবহার বাস্তবায়ন করা হয়েছে।

২। এ ব্যবস্থায় প্রতিটি চিঠিপত্রের সাথে সংযুক্তি প্রেরণের জন্য মূলচিঠিতে QR কোড ব্যবহার করতে হবে। এ মন্ত্রণালয়ে ব্যবহৃত/ সরকারী যে কোন ক্লাউড ড্রাইভে সংযুক্তি আপলোড করে QR কোডে তৈরী করে ব্যবহার করতে হবে। চিঠির প্রাপক QR কোড/বারকোড রিডার-এর মাধ্যমে সহজেই সংযুক্তিসমূহ ডাউনলোড করতে পারবে।

৪। এ মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখা ও অনুবিভাগ সমূহকে চিঠিপত্রের সংযুক্তিতে QR কোড ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

৩০.১২.২০২১


(শেখ মুহাম্মদ রেফাত আলী)
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট ইনোভেশন
ফোন- ৪১০৩০২৫২
ই-মেইল: dsemployment2@probashi.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল),প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশা: ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। অফিস কপি।

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা
www.probashi.gov.bd

## ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অধীন উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন প্রতিবেদন।

১। নতুন উদ্ভাবনী ধারণার নাম

পত্রের সাথে সংযুক্তি প্রেরণের ক্ষেত্রে QR Code এর ব্যবহার

২। উদ্ভাবকের তথ্য

নাম : আশফাক আহমেদ
আইডি নং : ০৩৪৩
পদবী : প্রোগ্রামার
কর্মস্থল : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
ফোন নম্বর : ০১৭১০২৬৪৯১১
ই-মেইল : programmer@probashi.gov.bd

৩। সমস্যার চিহ্নিতকরণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থবছরে ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রায় ৪৫০ টি পত্র জারী করা হয়। এক্ষেত্রে পত্রের সাথে বিভিন্ন সংযুক্তি থাকে, যা প্রেরণের ক্ষেত্রে নিম্নরূপ সমস্যা সৃষ্টি হয়;

১) হার্ডফাইল ডকুমেন্টের ক্ষেত্রে প্রচুর কাগজ সংযুক্ত করায় অর্থ ব্যয়।
২) সফটকপি ডকুমেন্টের ক্ষেত্রে ডকুমেন্টের সাইজ বড় হওয়ায় ডাউনলোডে সময় ব্যয়।
৩) প্রাপকের পক্ষ হতে পুনরায় ডকুমেন্ট চাওয়া হলে বাড়তি সময় ব্যয়।

৪। সমস্যা সমাধানে বাস্তবায়িত উদ্ভাবনের ভূমিকা

বাস্তবায়িত উদ্ভাবনে দাপ্তরিক চিঠিপত্রে সংযুক্তি হিসেবে ব্যবহৃত ডকুমেন্টকে QR কোড এবং লিংক ব্যবহারের মাধ্যমে ডিজিটাইজ করা হয়েছে। ই-পত্র কিংবা ওয়েবমেইলে ব্যবহারের জন্য পত্রের সংযুক্তি স্ক্যান করে সংযুক্ত করার প্রচলন সকল মন্ত্রণালয়েই রয়েছে। বাস্তবায়িত উদ্ভাবনে সংযুক্তিসমূহ ক্লাউড (Cloud) ড্রাইভে বা গুগল (Google) ড্রাইভে রাখা হয় **(নমুনা-১ দ্রষ্টব্য)**।
একইসাথে উক্ত ডকুমেন্টের লিংক QR কোড আকারে মূল পত্রে স্থাপন করা হয় **(নমুনা-২ দ্রষ্টব্য)**। ফলে প্রাপক সহজেই সংযুক্তি পেয়ে যান। চিঠির মূল অংশ কপি করে বিতরণ করলে পাপক তার স্মার্টফোন দিয়ে উক্ত QR কোড স্ক্যান করলে সংযুক্তিটি দেখতে পারেন, প্রিন্ট করতে পারেন এবং পরবর্তী করণীয় সম্পন্ন করতে পারবেন।
QR কোডের পাশাপাশি সংযুক্তির লিংকটিও টাইপ করা যায়। QR কোড ব্যবহার করে পত্রের সাথে সংযুক্তি একটি সহজীকৃত ডিজিটাল ব্যবস্থা। এটি ইতোমধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এ ব্যবহার করা হচ্ছে। এর ফলে নিম্নরূপ সুবিধা পাওয়া যাবে:

১) QR কোড ব্যবহার করে যে কোন সাইজের (এমবি) ডকুমেন্ট সহজেই সংযুক্তি, ডকুমেন্ট খোলা, দেখাসহ প্রয়োজনীয় কাজ সমাধান করা যাবে।
২) এতে ডকুমেন্ট বিনিময়ে বাড়তি কাগজ ব্যয় না হওয়ায় অর্থ সাশ্রয় হবে।
৩) এতে ডকুমেন্ট সংক্রান্ত সকল কাজে সময় হ্রাস পাচ্ছে। বিশেষ করে পুনরায় সংযুক্তি প্রেরণের পরিবর্তে QR কোড প্রেরণ করায় কোন বাড়তি সময় লাগবে না।
৪) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে অনেক রিক্রুটিং এজেন্টকে বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে অনুমোদনের জন্য সংযুক্তিসহ পত্র দেয়া হয়। এ সকল সংযুক্তি বিএমইটির স্মার্ট কার্ড ব্যবহার, বিদেশস্থ বাংলাদেশ মিশনের Attestation সহ নানা কাজে ব্যবহৃত হয়। রিক্রুটিং এজেন্টসহ সকলেই QR কোডসহ পত্র পাওয়ায় সহজেই যাবতীয় প্রয়োজন নির্বাহ করতে পারে। ফলে উপকারভোগীর সংখ্যাও বৃদ্ধি পাবে।

৩০/১২/২১

আশফাক আহমেদ
প্রোগ্রামার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়